

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

সার্কুলার লেটার নং -০৪/২০১৬

তারিখ : ২১-১২-২০১৬ খ্রিঃ

**বিষয় :** গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে মঞ্জুরীকৃত অগ্রিম সম্পূর্ণ পরিশোধের পর জামানত হিসেবে বন্ধককৃত সম্পত্তি অবমুক্তকরণ ও সংশ্লিষ্ট দলিলপত্রাদি ফেরত প্রদানের অনুমোদন প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গৃহ নির্মাণ অগ্রিমের বিদ্যমান নীতিমালায় গৃহ নির্মাণ অগ্রিমের বিপরীতে মঞ্জুরীকৃত অগ্রিম সম্পূর্ণ পরিশোধের পর জামানত হিসেবে বন্ধককৃত সম্পত্তি অবমুক্তকরণ ও সংশ্লিষ্ট দলিলপত্রাদি ফেরত প্রদানের অনুমোদনের বিষয়ে সুনির্দিষ্ট কোন দিক নির্দেশনা না থাকায় বিষয়টির উপর একটি কার্যপত্র ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ০৭-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৩৮২ তম সভায় উপস্থাপন করা হলে এতদ্বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।


**সিদ্ধান্ত :**

(ক) অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদত্ত গৃহ নির্মাণ অগ্রিমের মঞ্জুরীকৃত টাকা সম্পূর্ণ পরিশোধের পর মঞ্জুরকারী কর্মকর্তাগণকে অবমুক্তকরণসহ ব্যাংকের বরাবরে বন্ধককৃত দলিলপত্রাদি ফেরত প্রদানের ক্ষমতা অর্পণ করা হলো ; এবং

(খ) যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের গ্যারান্টির বিপরীতে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণ আছে তাদেরকে গৃহ নির্মাণ অগ্রিম মঞ্জুর করা যাবে না।

০৩। এমতাবস্থায়, ব্যবস্থাপনা সমন্বয় কমিটির উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক গৃহীত গৃহ নির্মাণ অগ্রিমের মঞ্জুরীকৃত টাকা সম্পূর্ণ পরিশোধের পর মঞ্জুরকারী কর্মকর্তাগণকে ব্যাংকের বরাবরে বেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিল অবমুক্তকরণসহ অগ্রিমের বিপরীতে রক্ষিত সংশ্লিষ্ট দলিলপত্রাদি ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গৃহ নির্মাণ অগ্রিম মঞ্জুরকালে কোন কর্মকর্তা/কর্মচারীর গ্যারান্টির বিপরীতে প্রদত্ত কোন প্রকার ঋণ/অগ্রিম মেয়াদোত্তীর্ণ থাকলে তাকে গৃহ নির্মাণ অগ্রিম মঞ্জুর না করার জন্য সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

  
( মোঃ জহির হুসাইন )  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)/২০১৬-২০১৭/১৯৮৯(১২৫০)

তারিখ : ২১-১২-২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক (১/২/৩) মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিকেবি (স্থানীয় মূখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।

  
( কে. এম. ইউসুফ হারুন )  
সহকারী মহাব্যবস্থাপক